Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৯শে অগ্রহায়ণ বুধবার ১৩৬৬ ইংরাজী 16th Dec. 1959 { ৩১শ সংখ্যা




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Saavr

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

“রাণী রাসমণি”

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৯শে অগ্রহায়ণ বুধবার সন ১৩৬৬ সাল।

# ভারতের আতিথেয়তা

—॰—

অতিথি সৎকার সম্বন্ধে ভারতে যে সকল ব্যবস্থা চিরদিন প্রচলিত আছে, তাহা পণ্ডিতগণ সংস্কৃত ভাষায় বিধিবদ্ধ করিয়া গিয়াছেন। অতিথি বা অভ্যাগতকে সকলের গুরু বলিয়া বর্ণনা করিয়াছেন।

( ১ )

গুরুরগ্নির্দ্বিজাতীনাং বর্ণানাং ব্রাহ্মণো গুরুঃ।
পতিরেকো গুরুঃস্ত্রীণাং সর্ব্বস্যাভ্যাগতো গুরুঃ॥

অর্থ—দ্বিজাতিগণের গুরু অগ্নি। সকল বর্ণের গুরু ব্রাহ্মণ। স্ত্রীগণের গুরু একমাত্র পতি। কিন্তু অভ্যাগত ( অতিথি ) সকলেরই গুরু।

( ২ )

উত্তমস্যাপি বর্ণস্থ নীচোঽপি গৃহমাগতে।
পূজনীয়ো যথাযোগ্যঃ সর্ব্বত্রাভ্যাগতো গুরুঃ॥

অর্থ—উত্তমবর্ণের গৃহে যদি নীচবর্ণ আগমন করে, তাহা হইলে তাহাকেও যথাযোগ্য পূজা করিতে হইবে।

( ৩ )

চণ্ডালোব্রাহ্মণোবাপি যো নার্চ্চয়তি চাতিথিং।
ন মুখং তস্য পশ্যন্তি নরকে পতিতা অপি॥

অর্থ—চণ্ডালই হউন, আর ব্রাহ্মণই হউন, যিনি অতিথির অর্চ্চনা না করেন নরকে পতিত নারকীও তাহার মুখ দর্শন করে না।

( ৪ )

অতিথির্যস্য ভগ্নাশো গৃহাৎ প্রতিনিবর্ত্ততে।
স তস্মৈ দুষ্কৃতং দত্ত্বা পুণ্যমাদায় গচ্ছতি॥

অর্থ—ভগ্ন মনোরথ হইয়া অতিথি যার গৃহ হইতে ফিরিয়া যান। তিনি ( অতিথি ) নিজের পাপ সমস্ত গৃহীকে দিয়া তাঁহার সমস্ত পুণ্য লইয়া প্রস্থান করে। গৃহী যদ্যপি খুব দরিদ্র হন, তারও ব্যবস্থা শাস্ত্রকারগণ করিতে ভুলেন নাই। তাঁহাদের জন্য বলিয়াছেন—

তৃণানি ভূমিরুদকং
বাক্ চতুর্থী চ শৃনৃতা।
এতান্যপি সতাং গেহে
নোচ্ছিদ্যন্তে কদাচন।

অর্থ—বসিবার জন্য তৃণগুচ্ছ ভূমিতো আছেই, মুখ-পাদ-প্রক্ষালনের জন্য জল, মিষ্ট বাক্য সৌজন্য দিয়াও অতিথির মন তুষ্ট করিতে সৎলোকে অভাব বোধ করে না।

# ভারতে মহান্ অতিথি

—॰—

পৃথিবীর মধ্যে সর্ব্বাপেক্ষা সমৃদ্ধ প্রদেশ আমেরিকার রাষ্ট্রপতি আইসেন হাওয়ার দিল্লী রাজধানীতে ভারতীয় রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্রপ্রসাদ কর্ত্তৃক রাজকীয় অভ্যর্থনা গ্রহণ করিয়া মহাত্মা গান্ধীর সমাধিতে পুষ্প স্তবকাদি প্রদান করিয়া দিল্লী বিশ্ববিদ্যালয় কর্ত্তৃক প্রদত্ত "ডক্টর অব ল" উপাধি গ্রহণ করিয়া প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহরুর সহিত অনেক আলোচনাদি করিয়া প্রায় সমস্ত বিষয়ে মতৈক্য হইয়া গত রবিবার পৃথিবীর সপ্তাশ্চর্য্যের অন্যতম বাদশাহ সাজাহান কর্ত্তৃক তাঁহার পত্নী মমতাজমহলের নামে প্রতিষ্ঠিত তাজমহল দর্শন করিয়াছেন। সাতটি অতি আশ্চর্য্য শিল্প কি কি তাহা নিম্নে দিলাম।

(১) ইজিপ্টের পিরামিড, (২) বেবিলনের শূন্যে উদ্যান, (৩) সাইপ্রাস রোডস্ দ্বীপের অতিকায় পিতল মূর্ত্তি, (৪) চীনের প্রাচীর, (৫) মস্কো নগরের ঘণ্টা, (৬) টেমস্ নদীর সুড়ঙ্গ, (৭) আগরার তাজমহল।

তাজমহলের সম্বন্ধে পাঠক সাধারণের জন্য নিম্নে সংক্ষেপে বিবরণ দিলাম—

মমতাজমহল—ইনি নূরজাহানের ভ্রাতা আসফ খাঁর কন্যা। এক বৎসর খোসরোজ উৎসবের দিনে ইনি যুবরাজ খুরম ( পরিশেষে বাদশাহ সাজাহান ) কর্ত্তৃক দৃষ্ট হইয়া তাঁহার চিত্ত আকর্ষণ করেন। ইঁহার স্বামী জামাল খাঁ নামক সম্ভ্রান্ত মোগল ইঁহার প্রতি সন্দিহান হইয়া ইঁহাকে পরিত্যাগ করেন। ইঁহার নাম ছিল "আর্জ্জুমন্দ বানু"। যুবরাজ খুরম সিংহাসন প্রাপ্ত হইয়া ইঁহাকে বিবাহ করেন।

খুরম সিংহাসন প্রাপ্ত হইয়া সাজাহান নাম গ্রহণ করিয়া মমতাজমহল নাম দিলেন। ইঁহার চারি পুত্র জন্মিয়াছিল। দারা, সুজা, মুরাদ ও আরঙ্গজেব। ইঁহার তিন কন্যার মধ্যে জাহান আরা ও রোসিন আরা ইতিহাস বিখ্যাতা। তৃতীয়া কন্যা প্রসবকালে মমতাজমহলের মৃত্যু ঘটে। গর্ভাবস্থায় ইনি সাহজাহানকে পরিহাসছলে জিজ্ঞাসা করিয়াছিলেন—'আমার মৃত্যুর পরেও কি আমার উপর আপনার ভালবাসা থাকিবে?' উত্তরে বাদশাহ বলিয়াছিলেন—"আমি তোমাকে চিরস্মরণীয়া করিয়া রাখিব।" মৃত্যুশয্যায় মমতাজমহল বাদসাহকে এই প্রতিজ্ঞাটি স্মরণ করাইয়া দেন। সেই প্রতিজ্ঞা পালন উদ্দেশ্যে এবং গভীর প্রণয়ের উচ্ছ্বাসে বাদসাহ জগতে অতুলনীয় কীর্ত্তি "তাজমহল" নামক সমাধি মন্দির প্রতিষ্ঠা করেন। ১৭ বৎসর ধরিয়া ২০,০০০ লোক দিবারাত্র কার্য্য করিয়া এই মন্দির প্রস্তুত করে। ১৬২৯ খ্রীষ্টাব্দে মমতাজমহলের মৃত্যু হয়। ৩৬ বৎসর পরে সাজাহানের দেহাবসান হইলে তাঁহারই ইচ্ছামত তাঁহাকে প্রিয়তমা পত্নীর সমাধির পার্শ্বে সমাধিস্থ করা হয়।

———

গত ১৩ই ডিসেম্বর

## মার্কিন রাষ্ট্রপতি আইসেনহাওয়ার বলেন—

প্রেসিডেন্ট আইসেনহাওয়ার অদ্য মহৎ প্রেমের প্রতীক তাজমহল দর্শন করিয়া তাঁহার বাল্যের একটি আকাঙ্ক্ষা পূর্ণ করেন। ভারতের প্রধান মন্ত্রী শ্রীনেহরু যখন তাঁহাকে স্ফটিকে গঠিত এই অপূর্ব্ব স্মৃতিসৌধের দিকে লইয়া যাইতেছিলেন প্রেসিডেন্ট তখন উচ্ছ্বসিত আবেগে বলিয়া উঠেন: "কি সুন্দর স্থানটি! কি মনোরম এই স্মৃতিমন্দির!" প্রেসিডেন্ট আইসেনহাওয়ার আজ সকালে একখানি জেট বিমানযোগে আগ্রা আসিয়া উপনীত হন। বিমান হইতে অবতরণ করিয়া তিনি শ্রীনেহরুর সঙ্গে মোটরযোগে তাজমহল অভিমুখে রওনা হন। সমগ্র পথের দুইধারে প্রায় চারি লক্ষ লোক তাঁহাকে

অভিনন্দিত করিবার জন্য সারিবদ্ধভাবে দাঁড়াইয়া থাকে।

মোগল সম্রাট সাজাহান তাঁহার প্রাণাধিক প্রিয়তমা পত্নী আর্জ্জুমান্দ বানু বেগমের ( মমতাজ মহল নামে সমধিক পরিচিতা ) স্মৃতিরক্ষার্থ এক অনুপম মর্ম্মরে গাঁথা স্মৃতিমন্দিরটি নির্ম্মাণ করিয়াছিলেন। সাজাহানের মহৎ প্রেম অমরত্ব লাভ করিয়াছে তাজমহলের মধ্যে। এখানে পদার্পণের সঙ্গে সঙ্গে তিনশত বৎসরের অতীত ইতিহাসে চলিয়া যাইতে হয়। প্রেসিডেণ্ট আইসেনহাওয়ার শ্রীনেহরুকে বলেন যে, আমেরিকার কৃষিপ্রধান রাজ্য ক্যানসাসে থাকাকালে বাল্যাবস্থায় তিনি তাজমহলের কথা পাঠ করেন। তিনি বলেন, "এই সফরে আমার তাজমহল দর্শনের বাসনা ছিল সর্ব্বাধিক। আমার কল্পনায় যাহা ছিল ইহা তাহা অপেক্ষাও অনেক সুন্দর।"

## চিনির মূল্য বৃদ্ধি

স্থানীয় বাজারে চিনি প্রতি সের ১।০ এক টাকা চারি আনা মূল্যে বিক্রয় হইতেছে। চিনির মূল্য বৃদ্ধির জন্য মিষ্টান্নের দর বৃদ্ধি হইয়াছে।

## চাউলের দর

রঘুনাথগঞ্জ বাজারে সাধারণ চাউল প্রতি মণ ২০৲ হইতে ২০৷৷০ এবং মিহি চাউল ২২৲ হইতে ২২৷৷০ টাকা দরে বিক্রয় হইতেছে।

## হলুদবর্ণের এক আনা ও দুই পয়সা

১লা জানুয়ারী হইতে উভয় মুদ্রার প্রচলন বাতিল

হলুদ বর্ণের নিকেল ও পিতলের এক আনা ও দুই পয়সা মূল্যের সকল মুদ্রার প্রচলন রহিত করিয়া যে আদেশ ভারত সরকার জারী করিয়াছেন, তাহা ১৯৬০ সালের ১লা জানুয়ারী হইতে কার্যকরী হইবে। তিন মাস পূর্বে সরকারের উক্ত সিদ্ধান্ত ঘোষিত হইলেও ঐ দুই শ্রেণীর মুদ্রা প্রত্যর্পণের পরিমাণ যথেষ্ট নহে। যদিও ইহা ঐ সকল মুদ্রার যাথার্থ্য সম্পর্কে জনগণের বিশ্বাসেরই প্রমাণ, তবুও শেষ মুহূর্ত্তে ভিড় এড়ানোর জন্য ঐগুলির প্রত্যর্পন ত্বরান্বিত করাই শ্রেয়। এই সকল মুদ্রা জনসাধারণের পক্ষে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ফিরাইয়া দেওয়ায় শ্রেয়।


শীতের দিনে-ও

ল্যানোলিন-যুক্ত বোরোলীন

আপনার ত্বক-কে সজীব রাখবে



শীতের কনকনে হাওয়ার হাত থেকে স্বাভাবিক সৌন্দর্য্য রক্ষা করতে বোরোলীন-ই হচ্ছে আদর্শ ফেস্ ক্রীম। নিয়মিত ব্যবহারে, ওষধিগুণ-যুক্ত, সুরভিত বোরোলীনের সক্রিয় উপাদান ত্বক-কে কোমল, মসৃণ ও সজীব ক'রে তুলবে আর আপনার অন্তর্লীন স্বাভাবিক সৌন্দর্য্যকে বিকশিত করবে। বোরোলীনের যত্নে নিজেকে রূপোজ্জ্বল করুন।

বোরোলীন

পরম প্রসাধন




বোরোলীনে—ল্যানোলিন আছে বলে শীতের দিনে-ও গাল, হাত ও ঠোঁটফাটার হাত থেকে রক্ষা করে আর রুক্ষতম ত্বকের-ও লাবণ্য বৃদ্ধি করে।

পরিবেশক : জি, দত্ত এণ্ড কোং ১৬, বনফিল্ড লেন • কলিকাতা-১

adarts/59


ঐ সকল মুদ্রা যাঁহাদের হাতে আসিবে, তাঁহারা যদি পুনরায় ঐগুলি বাজারে না ছাড়েন, তাহ'লে মুদ্রাগুলির প্রত্যাহার দ্রুততর হইতে পারে। রিজার্ভ ব্যাঙ্কের অফিসগুলিতে, প্রতিনিধিত্বকারী অফিসগুলিতে এবং সরকারী ট্রেজারীতে ঐগুলি প্রত্যর্পণ করা যাইবে। রেলওয়ে অফিস ও ডাকঘরগুলিতেও মূল্য পরিশোধ বাবদ এই সকল মুদ্রা দেওয়া চলিবে।

আগামী ১লা জানুয়ারী হইতে এই মুদ্রাগুলির প্রচলন রহিত হইলেও ১৯৬০ সালের ৩০শে জুন পর্যন্ত উভয় শ্রেণীর মুদ্রা রিজার্ভ ব্যাঙ্কের সকল অফিসে, সরকারী লেনদেনকারী রিজার্ভ ব্যাঙ্কের সকল এজেন্সী ব্যাঙ্কে এবং সরকারের সকল ট্রেজারী ও সাবট্রেজারীতে গৃহীত হইবে। উক্ত সময়ে প্রদেয় অর্থ মিটানোর কাজেও ঐগুলি রেলওয়ে অফিস ও ডাকঘরগুলিতেও গৃহীত হইবে। উপরোক্ত তারিখের পরেও এই মুদ্রাগুলি রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার ইস্যু বিভাগের অফিসগুলিতে পুনর্বিজ্ঞপ্তি পর্যন্ত ফেরত লওয়া হইবে। তবুও বর্ত্তমান বর্ষের মধ্যেই এই দুই শ্রেণীর মুদ্রার বৃহদংশ বাজার হইতে প্রত্যাহৃত হইলে জনসাধারণের সুবিধা হইবে।

—প্রেসনোট

## বিজ্ঞাপন

১৯৪০ সালের বঙ্গীয় সমবায় সমিতি সমূহের আইন সম্পর্কে এবং অরঙ্গাবাদ কো-অপারেটীভ উইভার্স সোসাইটী লিঃ সম্পর্কে।

এতদ্দ্বারা সংশ্লিষ্ট জনগণকে জানান যাইতেছে যে আমি অরঙ্গাবাদ কো-অপারেটীভ উইভার্স সোসাইটী লিমিটেডের ১-৭-৫৮ তারিখ হইতে ৩০-৬-৫৯ তারিখ পর্য্যন্ত হিসাব পরীক্ষা (Statutory audit) আগামী ২১-১২-৫৯ তারিখ হইতে আরম্ভ করিব। উক্ত সমিতির সহিত সংশ্লিষ্ট পাওনাদার এবং/অথবা দেনদারগণকে তাঁহাদের উক্ত তারিখ পর্য্যন্ত দেনা এবং/অথবা পাওনা টাকার হিসাব যাচাই করিয়া লইতে অনুরোধ করিতেছি। আগামী ২১-১২-৫৯ তারিখ হইতে ২৩-১২-৫৯ তারিখ পর্য্যন্ত যে কোন দিন বেলা ১২ ঘটিকা হইতে ৪ ঘটিকা পর্য্যন্ত যে কোন সময় সমিতির অফিসে উপস্থিত হইয়া তাঁহাদের নিজ নিজ হিসাব মিলাইয়া লইবার জন্য অনুরোধ করা হইতেছে। উক্ত তারিখ মধ্যে কোন প্রকার আপত্তি না উঠিলে, সমিতি প্রদত্ত হিসাব সঠিক বলিয়া গণ্য করা হইবে। ইতি—১০-১২-৫৯

মহাঃ আবুল কাশেম খাঁ
সমবায় সমিতি সমূহের অডিটার
পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ম" টেলিফোন: বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং

বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,

কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।